দৈনিক ইত্তেফাক

তারিখ 04 OCT 1995 পৃষ্ঠা ৩ কলাম ৫

# ময়মনসিংহে কলেজগুলিতে ছাত্র ভর্তির সংকট

ময়মনসিংহ সংবাদদাতা ॥ চলতি শিক্ষাবর্ষে ময়মনসিংহ জেলা সদরে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি সমস্যা প্রকট আকার ধারণ করিয়াছে। এমনিতেই অন্যান্য স্থানের মত সদরে এস এস সি পরীক্ষার এই বৎসরে সর্বাধিক ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হইয়াছে। অপরদিকে ছেলেদের জন্য জেলা সদরের একমাত্র সরকারী কলেজ আনন্দ মোহন সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে বর্তমান শিক্ষা বর্ষ হইতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি বন্ধ করিয়া দেওয়ায় বিপুল সংখ্যক ছাত্রদের জন্য কলেজে ভর্তির সঙ্কট সৃষ্টি হইয়াছে। বিশেষ করিয়া এই জেলা সদরের মেধাবী ছাত্রদের সরকারী কলেজে ভর্তির কোন সুযোগ রহিল না।

উল্লেখ্য, বিগত বৎসরও সরকারী এ,এম, কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে প্রায় এক হাজার ছাত্র ভর্তি করা হইয়াছিল। উক্ত সরকারী কলেজে বেশ কয়েকটি বিষয়ে স্নাতক সম্মান ও স্নাতকোত্তর কোর্স থাকায় উচ্চ শিক্ষার জন্য প্রয়োজনীয় মান ও পরিবেশ রক্ষার স্বার্থে জাতীয় বিশ্ববিদ্যালয় ও সরকারের নির্দেশে বর্তমান শিক্ষাবর্ষ হইতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্র ভর্তি বন্ধ করা হই-

( ৭ম পৃঃ দ্রঃ)

## ময়মনসিংহে কলেজগুলিতে

(৩য় পৃঃ পর)

য়াছে। এদিকে বিকল্প কোন সরকারী কলেজ সৃষ্টি বা বেসরকারী কলেজকে সরকারীকরণের কোন ব্যবস্থা নেওয়া হয় নাই।

এই ব্যাপারে স্থানীয় অভিভাবক মহল ও ছাত্র-ছাত্রীদের মধ্যে যথেষ্ট উদ্বেগ পরিলক্ষিত হইতেছে। ইতিমধ্যেই শহরের বিশিষ্ট ব্যক্তিবর্গ শিক্ষাবিদ ও রাজনৈতিক নেতৃবৃন্দের এক আলোচনা সভা সরকারী আনন্দ মোহন কলেজে অনুষ্ঠিত হইয়াছে। জেলা নাগরিক আন্দোলন কমিটি এক সভায় শহরের নাসিরাবাদ কলেজসহ একাধিক বেসরকারী কলেজকে অবিলম্বে সরকারীকরণের দাবী জানাইয়াছে। নাসিরাবাদ কলেজ ছাত্র সংসদও এই দাবীতে সম্প্রতি এক সাংবাদিক সম্মেলন করিয়াছে। উল্লেখ্য, দেশের অধিকাংশ জেলা সদরে যেখানে ৩/৪টি করিয়া সরকারী কলেজ রহিয়াছে সেখানে ময়মনসিংহ শহরে মাত্র একটি সরকারী মহিলা কলেজসহ দুইটি সরকারী কলেজ রহিয়াছে।